

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
পটুয়াখালী।

www.ppi.gov.bd

Email: principalppi@yahoo.com

স্মারক নং পপ/একা/২৪/


তারিখঃ- /০২/২০২৩ খ্রি:

“২০২২-২৩ শিক্ষাক্রমে ভর্তি সংক্রান্ত সংশোধিত নোটিশ”

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অন-লাইন ব্যবস্থায় নিশ্চায়নকৃত অত্র ইনস্টিটিউটে ভর্তির জন্য ১ম পর্বের (১ম ও ২য় শিফট) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২৯ /০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ০৬/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত কাগজপত্র ও টাকা জমা প্রদান পূর্বক সংশ্লিষ্ট বিভাগে স্ব শরীরে হাজির হয়ে ভর্তি হতে হবে। অন্যথায় শিক্ষার্থীর ভর্তির নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।

- ১। ইনস্টিটিউটে হতে ভর্তি ফরম সংগ্রহ পূর্বক শিক্ষার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা দিতে হবে।
- ২। নির্ধারিত ভর্তি ফরম, স্বাস্থ্য পরীক্ষার ফরম যথাযথ ভাবে পূরণ ও স্বাক্ষর করে এস,এস,সি মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের ফটো কপি, পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে। উল্লেখ্য যে সব মাধ্যমিক/মাদরাসা শিক্ষা বোর্ড মূল নম্বরপত্র সরবরাহ করতে পারেনাই সে সব বোর্ডের শিক্ষার্থীদের মূল নম্বরপত্রের পরিবর্তে মূল রেজিস্ট্রেশন ও মূল এডমিট কার্ড জমা প্রদান করে ভর্তি কার্য সম্পন্ন করতে হবে। তাদের মূল নম্বরপত্র আগামী ১৬ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখের মধ্যে অত্র প্রতিষ্ঠানে জমা দিয়ে মূল রেজিস্ট্রেশন ও এডমিট কার্ড ফেরত নিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৩। কোটায় ভর্তিকৃতঃ শিক্ষার্থীদের মূল সনদ প্রদর্শন পূর্বক অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
 - (ক) মুক্তিযোদ্ধার সন্তান /সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্য প্রমানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মূল সনদ পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে।
 - (খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ বা পৌর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ পত্র দাখিল করতে হবে।
 - (গ) বিশেষ (প্রতিবন্ধী) চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সনদ/পরিচয়পত্র দাখিল করতে হবে।
 - (ঘ) শিক্ষামন্ত্রণালয়ের অধিনস্থ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষক / কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের সনাক্ত করণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় /অধিদপ্তর/দপ্তর /প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত মূল সনদ পত্র জমা দিতে হবে।
- ৪। ভর্তি ফরম পূরণ পূর্বক ৮০৫/- (আট শত পাঁচ) জমা প্রদান করে সকল কাগজ পত্র স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি হতে হবে।

বি.দ্রঃ ভর্তি ফরম গ্রহণ ও জমা প্রদানের স্থানঃ ছাত্র হোস্টেলের ১ম ও ২য় তলা।



অধ্যক্ষ

পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
পটুয়াখালী

স্মারক নং পপ/একা/২৪/ ৬৮৭

তারিখঃ ০২/০২/২০২৩ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। একাডেমিক ইনচার্জ (১ম ও ২য় শিফট), অত্র ইনস্টিটিউট।
- ২। বিভাগীয় প্রধান-সিভিল/ইলেকঃ/ইএনটি/কম্পিঃ/আরএসি, অত্র ইনস্টিটিউট।
- ৩। ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।
- ৪। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৫। সংরক্ষণ নথি


অধ্যক্ষ

পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
পটুয়াখালী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
পটুয়াখালী।

২০২২-২৩ শিক্ষাক্রমে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য নিম্নবর্ণিত মোবাইল নম্বরে
যোগাযোগ করা যেতে পারে।

নাম পদবী	মোবাইল নং
জনাব মো: মজিবুর রহমান উচ্চমান সহকারী (ভারপ্রাপ্ত রেজিস্ট্রার)	০১৭০৪৮৬৪৮১১
জনাব মিথুন কবিরাজ ফ্রাফ্ট ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স)	০১৫১৮৩৬৪৩০৯
জনাব মো: মাসুদ রানা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১৫৭১৭১৫৬০৭

অধ্যক্ষ
পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
পটুয়াখালী।
২২/৩/২৩